



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

১৬৬৭৯

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/ ২৩৬৮

তারিখঃ ১০/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ উভয় পক্ষের সুনানীর জন্য বোর্ডে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৬৭৩: তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ  
২) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৫৭০: তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায়ীন দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহকে গভাণিং বডি কর্তৃক গত ০৭/০৪/২০১৬খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। তার পরিপ্রেক্ষিতে জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), গত ২৭/০৩/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্তের প্রতিকার চেয়ে অত্র বোর্ডে একখানা আবেদন এবং বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে একখানা উকিল নোটিশ প্রেরণ করেন। উক্ত আবেদন ও উকিল নোটিশে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভাণিং বডির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয় উল্লেখ রয়েছে।

২) জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) এর আবেদন, উকিল নোটিশ ও দাখিলকৃত দেওয়ানী মোকাদ্দমা নং-১৩১/২০১৬ এর সার্টিফাইড কপিতে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভাণিং বডির বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি (স্থগিতকৃত)-কে পত্র দেয়া হয়।

৩) উক্ত পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি (স্থগিতকৃত) যে জবাব এবং কাগজপত্র দাখিল করেছেন, তা পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট মাদরাসা সংক্রান্ত নথিটি প্রেরণ করা হয়। বিজ্ঞ আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে "বিষয়টি স্বাভিক প্রকৃতির হওয়ায় উভয় পক্ষকে জরুরী ভিত্তিতে মুখোমুখি সুনানী করে সিদ্ধান্ত গ্রহণ আবশ্যিক মর্মে মতামত প্রদান করেছেন।

৪) বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে ১০/০৮/২০১৭খ্রিঃ তারিখে উভয় পক্ষকে বোর্ডে উপস্থিত হওয়ার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সাবেক সভাপতি জনাব এ বি এম শাহজালাল হাওলাদার এবং সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহ উপস্থিত হন। কিন্তু সভাপতি (স্থগিতকৃত), অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও জনাব মোঃ লুৎফর রহমান হাওলাদার, প্রভাষক ও সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ উপস্থিত হননাই এবং সময় প্রার্থনা করে একখানা আবেদন বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় আবেদনের প্রেক্ষিতে আগামী ০৭/০৯/২০১৭খ্রিঃ তারিখে মুখোমুখি সুনানীর নিমিত্ত বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সভাপতি (স্থগিতকৃত), সাবেক সভাপতি, সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ

১. সভাপতি (স্থগিতকৃত), গভাণিং বডি, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
২. জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৩. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৪. জনাব এ বি এম শাহজালাল হাওলাদার (সাবেক সভাপতি), গভাণিং বডি, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৫. জনাব মোঃ লুৎফর রহমান হাওলাদার, প্রভাষক ও সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/ ২৩৬৮

তারিখঃ ১৬/০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪